

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫২(আগরতলা, ২০।০২)

শান্তিরবাজার, ২০ ফেব্রুয়ারি, ২০১৯

রাজনগর ব্লক এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

দক্ষিণ জেলার বিলোনীয়া মহকুমার রাজনগর ব্লক এলাকায় গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে এম জি এন রেগায় নানা কর্মসূচি রূপায়ণের কাজ চলছে। এই প্রকল্পে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে দুর্গাপুর পঞ্চায়েতে একটি রাস্তা ইট সলিং করা হচ্ছে। এতে ব্যয় হবে ১৫ লক্ষ ৩ হাজার ৬৬৮ টাকা। উত্তর শ্রীরামপুর পঞ্চায়েতে একটি রাস্তা ইট সলিং করার কাজও চলছে। এই কাজে ব্যয় হবে ৬ লক্ষ ১২ হাজার ২০১ টাকা। গৌরাস্ত বাজারস্থিত নমঃ পাড়া অঙ্গনওয়াড়ি সেন্টারের সন্নিকটে ভূমিক্ষয় প্রতিরোধক ওয়াল নির্মাণের কাজ চলছে। এরজন্য ৯ লক্ষ ২৬ হাজার ৪৫০ টাকা ব্যয় হবে। কৃষি কাজের সুবিধার্থে ডিমাতলীতে চলছে পাকা চ্যানেল তৈরীর কাজ। এতে ৭ লক্ষ ১৩ হাজার ১৯১ টাকা ব্যয় হবে। তাছাড়া, বাতিসা পঞ্চায়েত এলাকায় ৭ লক্ষ ৮৫ হাজার ১২০টাকা ব্যয়ে একটি পাকা চ্যানেল তৈরীর কাজ চলছে। গ্রামোন্নয়ন দপ্তরের শান্তিরবাজার ডিভিশন কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
